বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
Bangladesh Forest Industries Development Corporation
বনশিল্প ভবন
৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
(Website: www.bfidc.gov.bd).

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

মুজিববর্ষের অঙ্গীকার
রাবার কাঠের পরিবেশ বান্ধব ব্যবহার

বিষয় : বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা ২০২৪ এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিএফআইডিসি, ঢাকা।

তারিখ : ১২-০৩-২০২৪ খ্রিস্টাব্দ।

সময় : সকাল ১১.০০টা।

স্থান : বিএফআইডিসি বোর্ডরুম, প্রধান কার্যালয়, ঢাকা।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | পরিবেশ সংরক্ষণে বিফআইডিসির আইডিয়াসমূহ | ১০/০৩/২০২৪ খ্রি. তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রতিটি সংস্থা পরিবেশ সংরক্ষণের উদ্দেশ্য বাস্তবায়নে একটি বা একাধিক আইডিয়া প্রস্তাব করবে। সভাপতি বিএফআইডিসির পক্ষ থেকে আইডিয়া উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সকলের নিকট মতামত/সুপারিশ আহবান করেন।<br>এ পর্যায়ে বিএফআইডিসির সচিব বলেন যে, বিএফআইডিসির ৮টি শিল্প কারখানা থেকে যে **Dust** নির্গত হয় তা পরিবেশ ও কারখানায় কর্মরত শ্রমিক/কর্মচারীদের জন্য ক্ষতিকর। তাই তিনি শিল্প ইউনিটের **Dust Collector** ব্যবহার করে **Dust** মুক্ত এবং তা রিসাইকেল করার প্রস্তাব করেন।<br>মহাব্যবস্থাপক (রাবার) প্রস্তাব করেন যে, বর্তমানে বিএফআইডিসির ০৩টি জোনের আওতাধীন ১৮টি রাবার বাগানে | ১। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত ও সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নোক্ত ২টি আইডিয়া পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) বিএফআইডিসির ৮টি শিল্প ইউনিটে **Dust Collector** ব্যবহার করে **Dust Free** করার মাধ্যমে বায়ু দূষণ হ্রাস করতে হবে। ৮টি শিল্প ইউনিটে **Dust Collector** স্থাপনের প্রস্তাব সংক্রান্ত একটি পত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) বিএফআইডিসির ০৩টি জোনের আওতাধীন ১৮টি রাবার বাগানে জুন, ২০২৫ খ্রি. পর্যন্ত ৪১,৫৬,৭৪০ টি রাবার গাছ পরিবেশ হতে ৮০,০৫,৮৮১.০০ মেগাটন কার্বন শোষণ করবে, এ সংক্রান্ত একটি পত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (সকল)<br>২। মহাব্যবস্থাপক (সকল)<br>৩। সচিব<br>৪। ব্যবস্থাপক (পার্সোনেল) |

| ক্র | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | বর্তমানে ৩৬,৮৬,১০১টি রাবার গাছ রয়েছে। জুন, ২০২৫ খ্রি. পর্যন্ত মোট গাছের সংখ্যা দাঁড়াবে ৪১,৫৬,৭৪০টি। প্রতিটি রাবার গাছ ১.৯২৬ মেগাটন কার্বন-ডাই অক্সাইড শোষণ করলে মোট শোষিত কার্বন-ডাই অক্সাইড এর পরিমাণ দাঁড়ায় (৪১,৫৬,৭৪০টি x ১.৯২৬) = ৮০,০৫,৮৮১.০০ মেগাটন কার্বন-ডাই অক্সাইড (মহাব্যবস্থাপক (রাবার)-এর প্রস্তাব 'পরিশিষ্ট-ক')। প্রতিবছর বিপুল পরিমাণে কার্বন শোষণ করে রাবার গাছ পরিবেশ সংরক্ষণে ভূমিকা রাখছে। বিধায় রাবার বাগান সৃজনের মাধ্যমে কার্বন শোষণ বৃদ্ধির আইডিয়াটি উপস্থাপন করা যেতে পারে।<br>পরিচালক (অর্থ) প্রস্তাব করেন যে, বিএফআইডিসির ১৮টি রাবার বাগানের ধূমঘরে নির্গত ধোঁয়া পরিবেশ দূষণ করছে। এই সমস্যা নিরসনে তিনি ধূমঘরে আধুনিক চিমনি স্থাপন করে পরিবেশ ও বায়ু দূষণ হ্রাস করা যেতে পারে মর্মে প্রস্তাব পেশ করেন।<br>এছাড়াও ব্যবস্থাপক (হিসাব) বিএফআইডিসি, বনশিল্প ভবনে ছাদ বাগান তৈরি করে পরিবেশ সংরক্ষণের উদ্যোগ নেওয়া যেতে পারে মর্মে প্রস্তাব পেশ করেন। | | |
| ২. | সুস্থ পরিবেশ, স্মার্ট বাংলাদেশ | সভাপতি **"সুস্থ পরিবেশ, স্মার্ট বাংলাদেশ"** শ্লোগানটি বিএফআইডিসি ব্যবহার করতে পারবে কি না তা জানার জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | ১। **"সুস্থ পরিবেশ, স্মার্ট বাংলাদেশ"** শ্লোগানটি ব্যবহারে অনুমতি প্রদানের অনুরোধ জানিয়ে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | ১। সচিব, বিএফআইডিসি |

| ক্র | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩. | কমিটি গঠন | সভাপতি বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা ২০২৪ এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে কমিটি গঠনের জন্য সকলের মতামত আহ্বান করেন। এ বিষয়ে একটি উপদেষ্টা কমিটি, একটি মূল কমিটি গঠন, একটি স্টল নির্মাণ, সাজসজ্জা, পণ্য সংগ্রহ, স্টল ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ ও ডিসপ্লে প্রচার ও প্রকাশনা উপকমিটি এবং একটি অর্থ ও বাজেট উপকমিটি করার জন্য সকলে একমত প্রকাশ করেন। | ১। বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা ২০২৪ এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হ'ল:<br>**(ক) উপদেষ্টা কমিটি:**<br>১. চেয়ারম্যান, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা - আহ্বায়ক<br>২. পরিচালক (উৎপাদন ও বাণিজ্য), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা - সদস্য<br>৩. পরিচালক (অর্থ), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা - সদস্য<br>৪. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা - সদস্য<br>৫. সচিব, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা - সদস্য সচিব<br>**(খ) মূল কমিটি:**<br>১. জনাব খন্দকার মোহাম্মদ আব্দুল্লাহ আল মাহমুদ, পরিচালক (অর্থ), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা - আহ্বায়ক<br>২. জনাব এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ, সচিব, বিএফআইডিসি, সদর দপ্তর - সদস্য<br>৩. জনাব মোঃ ফারুক হোসেন, মহাব্যবস্থাপক (রাবার), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>৪. জনাব মেহেরুন্নেসা চৌধুরী, মহাব্যবস্থাপক (উ. ও বি.), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>৫. জনাব জাহান আরা, মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>৬. জনাব মোহাম্মদ আব্দুল বাকি, ব্যবস্থাপক (পার্সোনেল), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>৭. জনাব মোঃ বাবুল মিয়া, ইউনিট প্রধান, বিএফআইডিসি, সিএমপি, মিরপুর, ঢাকা- সদস্য<br>৮. জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম, ইউনিট প্রধান, বিএফআইডিসি, ইস্টার্ন উড ওয়ার্কস, ঢাকা - সদস্য<br>৯. জনাব মাসুদ রানা, সহকারী প্রকৌশলী, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা - সদস্য<br>১০. জনাব তন্ময় বিশ্বাস, সহকারী প্রকৌশলী, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>১১. জনাব মোঃ ফিরোজ আলম খান, প্রধান সহকারী/ মোঃ বায়োজিদ, রেকর্ড কিপার, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>১২. জনাব মোছাম্মৎ নাছিমা আখতার, উপব্যবস্থাপক (ক্রয়), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা -সদস্য সচিব<br>**(গ) স্টল নির্মাণ, সাজসজ্জা, পণ্য সংগ্রহ, স্টল ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ ও ডিসপ্লে প্রচার ও প্রকাশনা উপকমিটি:**<br>১. জনাব এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ, মহাব্যবস্থাপক (পরি. ও উন্ন.), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা - আহ্বায়ক<br>২. জনাব জাহান আরা, মহাব্যস্থাপক (নিরীক্ষা)- সদস্য<br>৩. জনাব মাহমুদা জেসমিন, উপব্যবস্থাপক- সদস্য<br>৪. জনাব মোছাম্মৎ নাছিমা আখতার, উপব্যবস্থাপক (ক্রয়), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা -সদস্য<br>৫. জনাব মোঃ বাবুল মিয়া, ইউনিট প্রধান, বিএফআইডিসি, সিএমপি,মিরপুর, ঢাকা- সদস্য<br>৬. জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম, ইউনিট প্রধান, বিএফআইডিসি, ইস্টার্ন উড ওয়ার্কস, ঢাকা - সদস্য<br>৭. জনাব মিজানুর রহমান, উপব্যবস্থাপক- সদস্য<br>৮. জনাব তন্ময় বিশ্বাস, সহকারী প্রকৌশলী, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>৯. জনাব সাদিয়া খানম, সহ-ব্যবস্থাপক, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য | |

| ক্র | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | ১০. জনাব সরোয়ার হোসেন বাবুল, উ.বি. সহকারী, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>১১. জনাব মোঃ আমিনুর রহমান, নি. বি. সহকারী, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>১২. জনাব মোঃ বায়োজিদ, রেকর্ড কিপার, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>১৩. জনাব অভিজিৎ কুমার ধর, ভান্ডাররক্ষক, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>১৪. জনাব মোঃ মাসুদ রানা, সহকারী প্রকৌশলী, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য সচিব<br>**(ঘ) অর্থ ও বাজেট উপকমিটি:**<br>১. জনাব জাহান আরা, মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা - আহ্বায়ক<br>২. জনাব জিয়াউল হক, ব্যবস্থাপক (হিসাব), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>৩. জনাব তন্ময় বিশ্বাস, সহকারী প্রকৌশলী, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>৪. জনাব মোঃ ফিরোজ আলম খান, প্রধান সহকারী, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা- সদস্য<br>৫. জনাব মিজানুর রহমান, উপব্যবস্থাপক- সদস্য সচিব<br>**মূল কমিটি ও উপকমিটিসমূহের কর্মপরিধি:**<br>১. বিএফআইডিসি এর উৎপাদিত রাবার দ্বারা তৈরি বিভিন্ন পণ্য সামগ্রী স্টলে প্রদর্শন করার পূর্বে উৎপাদিত প্রতিষ্ঠানের সম্মতি গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপব্যবস্থাপক (রাবার), সদর দপ্তর, ঢাকা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>২. মেলার যাবতীয় বিষয়াদি কমিটিসমূহ সম্পাদন করবে। প্রয়োজনে উপদেষ্টা কমিটির পরামর্শ নিবে।<br>৩. ২ (দুই) টি রাবার জোন হতে ০২(দুই)জন টেপার মেলার স্টলে দায়িত্ব পালন করবেন। মহাব্যবস্থাপক, সিলেট ও মধুপুর ০১(এক) জন করে দক্ষ টেপারের নামের তালিকা মহাব্যবস্থাপক (রাবার), সদর দপ্তর, ঢাকার নিকট প্রেরণ করবেন। প্রচলিত বিধি মোতাবেক টেপারদের টিএ/ডিএ ভাতা স্ব-স্ব বাগান থেকে পরিশোধ করবেন।<br>৪. বহুল প্রচারিত যে কোন একটি দৈনিক বাংলা পত্রিকা স্টলে রাখার ব্যবস্থা করতে হবে।<br>৫. কর্পোরেশনের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ মেলার স্টল পর্যায়ক্রমে পরিদর্শন করবেন এবং এ জন্য পরিদর্শন বই সংরক্ষণ করতে হবে।<br>৬. স্টল নির্মাণ উপকমিটির তত্ত্বাবধানে বিএফআইডিসি, সিএমপি, মিরপুর, ঢাকা কর্তৃক মেলার স্টল নির্মাণ করতে হবে।<br>৭. বশিউক, ইস্টার্ন উড ওয়ার্কস, তেঁজগাও, ঢাকা স্টলে বিদ্যুতায়ন প্যান্ডেল, স্ট্যান্ড ফ্যান, পানির ফিল্টার, রং ও প্রদর্শন সামগ্রীর পলিশিং এর ব্যবস্থা করবেন। | |

| ক্র | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | ৮. মেলা শুরুর ১ দিন পূর্ব হতে মেলা শেষে স্টল/অন্যান্য সামগ্রী অপসারণ না করা পর্যন্ত স্টলের নিরাপত্তা ব্যবস্থা অব্যাহত রাখতে হবে এবং নিরাপত্তার বিষয়টি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নিরাপত্তা কর্মকর্তা, বিএফআইডিসি, সিএমপি, মিরপুর, ঢাকা কর্তৃক মেলা উদযাপন মূল কমিটিকে নিশ্চিত করতে হবে।<br>৯. মূলকমিটি বিএফআইডিসির কার্যক্রম প্রচারের জন্য মেলায় দর্শনার্থীদের প্রদানের নিমিত্ত নতুন ব্রসিয়ার তৈরি করবে এবং প্রতিদিন বিএফআইডিসি'র একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করতে হবে।<br>১০. বন অধিদপ্তর ও পরিবেশ অধিদপ্তর এর সাথে যোগাযোগপূর্বক বিএফআইডিসির প্রশাসন বিভাগের সহযোগিতা নিয়ে বিএফআইডিসির সকল কর্মকর্তা ও কর্মচারীদের জন্য টি-শার্ট, ক্যাপ সরবরাহ ও বিধিমতে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের কার্যক্রম বিএফআইডিসি, সদর দপ্তরের জনসংযোগ শাখা কর্তৃক সম্পন্ন করতে হবে।<br>১১. ৩০/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে মূল কমিটির আহবায়ক অর্থ ও বাজেট উপকমিটির আহবায়ক বরাবরে খরচের বাজেট প্রস্তাব পেশ করবেন।<br>১২. স্টলে প্রদর্শিত সামগ্রী স্থাপন/অপসারণসহ যাবতীয় কাজকর্ম সম্পাদন করার জন্য শ্রমিকের মজুরি, ভ্যান/পরিবহণ ভাড়ার প্রয়োজনীয় অর্থ বাজেটে বরাদ্দ রাখতে হবে।<br>১৩. মেলায় দায়িত্ব পালনকারীদের সম্মানী ভাতা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাজেট উপকমিটি নির্ধারণ করবে।<br>১৪. বিএফআইডিসির স্টলে দায়িত্ব পালনের জন্য বিভিন্ন বিভাগ ও শাখার মধ্যে সমন্বয় সাধন করে **ডিউটি রোস্টার প্রণয়ন করতে হবে। সচিব, বিএফআইডিসি, ডিউটি রোস্টার জারির বিষয়টি নিশ্চিত করবেন।**<br>১৫. মেলা শুরুর পূর্বে স্টলে প্রর্দশিত সামগ্রী স্থাপন এবং মেলা শেষ হওয়ার পর স্টল ভাঙ্গার জন্য মেলায় প্রদর্শিত সামগ্রী অপসারণ কাজে যে সকল শ্রমিক/কর্মচারী নিয়োজিত থাকবেন সে সকল শ্রমিক/কর্মচারীদের কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পারিশ্রমিক প্রদান করতে হবে।<br>১৬. সংশ্লিষ্ট কমিটি প্রয়োজন সাপেক্ষে এক বা একাধিক কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে।<br>১৭. সংশ্লিষ্ট কমিটি উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অন্যান্য কার্যাবলিও সম্পন্ন করবে। | |

২। স্টোন সোর্সকে স্টলের ফ্লোরে রাবার কাঠের টাইলস দিয়ে বিনা পয়সায় সজ্জিত করার জন্য মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিক্রয়) অনুরোধ জানাবেন ।

৩। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ ১৫।৬।২০২৪
(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
e-mail:bfidc.bd@gmail.com

স্মারক নং-২২.০৩.০০০০.১০৬.২৫.০০২.১৯-১২২ তারিখ: ১৫/০৬/২০২৪

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক( উৎপাদন ও বাণিজ্য)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(অর্থ), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।
২। সচিব এর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩। মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)/(নিরীক্ষা)/(উৎপাদন ও বিক্রয়)/ (রাবার), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।
৪। ব্যবস্থাপক (প্রশাসন)/(হিসাব)/(নিরীক্ষা), বশিউক, সদর দপ্তর, ঢাকা।
৫। বিএফআইডিসি সদর দপ্তরের শাখা প্রধান (সকল)।
৬। ব্যবস্থাপক, সিএমপি, মিরপুর, ঢাকা।
৭। ব্যবস্থাপক, ইস্টার্ন উড ওয়ার্কস, তেজগাঁও, ঢাকা।
৮। আইসিটি শাখা প্রধান, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা [ওয়েবসাইডে আপলোডের অনুরোধসহ]।
৯। চেয়ারম্যানের একান্ত সচিব, বশিউক, সদর দপ্তর, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১০। অফিস কপি।

১৫।৬।২৪
(এস.এম. মঈন উদ্দীন আহম্মেদ)
সচিব